59

~~58~~

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 APR 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে তল্লাশী অভিযান॥ ছাত্রদল নেতা গ্রেফতার॥ অস্ত্র উদ্ধার

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ফরহাদ আহাম্মেদ ॥ গতকাল সোমবার ভোর ৬টায় পুলিশ-বিডিআর কৃষিবিশ্ববিদ্যালয়ের ১টি আবাসিক হলে অতর্কিতে যৌথ তল্লাসী অভিযান চালাইয়া বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র উদ্ধার করে এবং বাকসু ও কৃষিবিশ্ববিদ্যালয় শাখার ছাত্রদলের সাধারণ সম্পাদিক সামছুল আলম তোফাকে গ্রেফতার করে। কোতয়ালী থানা পুলিশ জানায়, উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রহিয়াছে ১টি রিভলবার,১টি পাইপগান, রাইফেলের গুলী, রিভলবারের গুলী, বন্দুকের ১৫টি গুলী, রাইফেলের ১টি ম্যাগজিন, ৩টি এস এমজির গুলী, এসএলআর-

(১০ম পৃ: ৩-এর ক: দ্র:)

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃ: পর)

এর ২টি গুলী, এবং ১১টি হাত বোমা। তোফার বিরুদ্ধে অস্ত্র মামলা দায়ের করা হইয়াছে।

রাত ৩টায় ৪জন ম্যাজিষ্ট্রেট, অতিরিক্ত পুলিশ সুপার এবং ওসির নেতৃত্বে দুই শতাধিক পুলিশ বিডিআর শামছুল হক হল ঘেরাও করে। ভোর ৬টায় ভাইস চ্যান্সেলরের অনুমতি ছাড়াই পুলিশ বাহিনী শামছুল হক হলে প্রবেশের চেষ্টা করিলে ছাত্ররা বিক্ষোভ করে এবং পুলিশ দলকে হলে প্রবেশে প্রতিরোধ করে। তালা খুলিয়া না দেওয়ায় পুলিশ হল গেটের তালা ভাংগিয়া হলে প্রবেশ করিয়া ২ ঘন্টা তল্লাসী করার সময় অস্ত্র উদ্ধার এবং তোফাকে গ্রেফতার করে। এই সময় হলে হল প্রভোষ্ট বা কোন শিক্ষক কর্মকর্তা ছিলেন না। হল তল্লাসীর সময় কর্তব্যরত অতিরিক্ত পুলিশ সুপার ফাতেমী ইত্তেফাকের এই সংবাদদাতাকে পরিচয়পত্র দেখানো সত্বেও এক ঘন্টা আটকাইয়া রাখিয়া দায়িত্ব পালনে প্রতিবন্ধকতার সৃষ্টি করেন এবং তাহাকে হলে প্রবেশ করিতে দেয় নাই। হল তল্লাশীর পরেই ছাত্রদল এবং সর্বদলীয় ছাত্রঐক্যের নামে ছাত্ররা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশ এবং ভিসির বাসভবন ভাংচুর করে। তোফাকে গ্রেফতারের প্রতিবাদে এই সমাবেশে বক্তব্য রাখে ছাত্রদল নেতা লিটন, ডন, আসলাম, তৌহিদ, কনক, কবীর, শফিক। তাহারা অবিলম্বে তোফার মুক্তি দাবী করে এবং কৃষি বিশ্ববিদ্যালয় এলাকায় অনির্দিষ্টকালের জন্য হরতাল আহ্বান করিয়াছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুকের সহিত দেখা করিলে তিনি জানান, আমাদের সিদ্ধান্ত বা অনুমতির অপেক্ষা না করিয়াই পুলিশ তল্লাশী শুরু করে। একজন পুলিশ কর্মকর্তা জানান, আমরা উচ্চপদস্থ কর্মকর্তার আদেশেই হল তল্লাশী করিয়াছি। নাজমুন আহসান হল তল্লাশীর পূর্ব সিদ্ধান্ত থাকিলেও ছাত্রদের বিক্ষোভ, সময়ের অভাব এবং পুলিশের স্বল্পতার কারণে সম্ভব হয় নাই।

উল্লেখ্য, সাড়ে ৩ মাস বন্ধের শেষে গত রবিবার হইতে সকল শিক্ষা কার্যক্রম শুরুর পরেই এই তল্লাশীর কারণে ক্যাম্পাস আবার উত্তপ্ত হইয়া উঠিতেছে। গতকাল খুব কম সংখ্যক ক্লাস হইয়াছে। ক্যাম্পাস থমথমে।

গতকাল সোমবার ময়মনসিংহ মেডিক্যাল কলেজ ছাত্র হোষ্টেলে পুলিশ তল্লাশী অভিযান চালাইয়া ১২ বোর বন্দুকের ১৬টি কার্তুজ উদ্ধার করে।